

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
মাদারগঞ্জ, জামালপুর  
www.fisheries.madarganj.jamalpur.gov.bd

স্মারক নং- ৩৩.০২.৩৯৫৮.০০০.৫০১.৬৬.০০০১.২৫.৩২

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
১৯ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: জাতীয় মৎস্য পদক-২০২৬ এর মনোনয়ন প্রস্তাব আহ্বান প্রসঙ্গে।

সূত্র: মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের পত্র নং ৩৩.০২.০০০০.১২০.০২.০৪২.২৫.৪৭, তারিখ: ১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জামালপুর জেলার অন্তর্গত মাদারগঞ্জ উপজেলার মৎস্য সেক্টরে জড়িত সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছরের ন্যায় ২০২৬ সালেও “জাতীয় মৎস্য পদক-২০২৬” প্রদান করা হবে। মৎস্য সম্পদ উন্নয়নে জাতীয় মৎস্য পদক প্রদানে সরকার অনুমোদিত সর্বশেষ “জাতীয় মৎস্য পদক নীতিমালা-২০২৬ অনুসারে পরিচালিত হচ্ছে। জাতীয় মৎস্য পদক-২০২৬ এর প্রার্থী মনোনয়ন পাওয়ার ক্ষেত্রে পঞ্জিকাবর্ষে ২০২৫ খ্রি. (জানুয়ারি-ডিসেম্বর) ভিত্তি বছর হিসেবে বিবেচ্য হবে।

সে লক্ষ্যে পদক প্রাপ্তিতে আগ্রহী মৎস্য চাষি/ উদ্যোক্তাগণকে আগামী ২৬-০২-২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে/ওয়েবসাইট হতে আবেদন ফরম সংগ্রহ ও পূরণকৃত আবেদন ফরম সংশ্লিষ্ট প্রমাণকসহ জমা প্রদানের জন্য আহ্বান করা হচ্ছে। জনস্বার্থে বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

সংযুক্তি : জাতীয় মৎস্য পদক নীতিমালা-২০২৬

  
মোঃ কামরুজ্জামান খান  
সদস্য সচিব

জাতীয় মৎস্য পদক/২০২৬ এর প্রার্থী  
মনোনয়ন সংক্রান্ত উপজেলা কমিটি  
ও

উপজেলা মৎস্য কর্মকর্তা (অ.দা.)

মাদারগঞ্জ, জামালপুর

মোবাইল: ০১৭৬৯-৪৫৯৯৪০


ইমেইল: ufomadarganj@fisheries.gov.bd

স্মারক নং- ৩৩.০২.৩৯৫৮.০০০.৫০১.৬৬.০০০১.২৫.৩২/১(০৫)

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
১৯ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। পরিচালক, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ০২। জেলা মৎস্য অফিসার, জামালপুর
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর
- ০৪। নোটিশ বোর্ড
- ০৫। সংশ্লিষ্ট নথি

  
উপজেলা মৎস্য কর্মকর্তা (অ.দা.)  
মাদারগঞ্জ, জামালপুর